2

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 03 AUG 199... পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম বোর্ডের ফলাফলে মেয়েদের প্রাধান্য

**ইত্তেফাক রিপোর্ট ॥** চট্টগ্রাম বোর্ডের এসএসসি পরীক্ষায় মেয়েরা সবচাইতে বেশী সাফল্য অর্জন করিয়াছে। বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখার প্রথম ৩টি স্থানের মোট ৯ জনের মধ্যে ৮ জনই মেয়ে। চট্টগ্রাম বোর্ডের বিজ্ঞান শাখায় প্রথম হইয়াছে খাস্তগীর গভঃ গার্লস হাইস্কুলের ছাত্রী দেবযানী বড়ুয়া। যুগ্মভাবে দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে এই স্কুলের সংযুক্তা চৌধুরী। মানবিক শাখায় প্রথম হইতে তৃতীয় স্থান অধিকার করিয়াছে যথাক্রমে ঃ নৌবাহিনী হাইস্কুলের নিশাত সুলতানা, বাংলাদেশ মহিলা সমিতি গার্লস হাইস্কুলের তারানা করিম এবং খাস্তগীর গভঃ গার্লস হাইস্কুলের শারমিন সুলতানা। বাণিজ্য শাখায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হইয়াছে যথাক্রমে ঃ আগ্রাবাদ গভঃ কলোনী হাইস্কুলের মনোয়ারা বেগম, খাস্তগীর গভঃ গার্লস হাইস্কুলের মাহবুবা

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম বোর্ডের

*(শেষ পৃঃ পর)*

লীমা ও চট্টগ্রাম পাবলিক স্কুল এন্ড কলেজের নাজিয়া শারমিন হাবিব।

**পাসের হার ন্যূনতম**

চট্টগ্রাম অফিস জানায়, চট্টগ্রাম বোর্ডের এসএসসি পরীক্ষায় পাসের হার শতকরা ৩৩ দশমিক ২৩ ভাগ। যাহা অন্যান্য বৎসরের তুলনায় অনেক কম। বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের মধ্যে পাসের হার শতকরা প্রায় ৫০ ভাগ হইলেও অন্য দুইটি বিভাগে খুবই কম। চট্টগ্রাম বোর্ডের পাসের হার সবচেয়ে কম সীতাকুন্ড এবং মীরস্বরাই এলাকায়। এসব এলাকার পাসের হার শতকরা ১০ ভাগের নীচে। এই দুইটি থানার প্রায় ৩০টি স্কুলের কেহ পাস করে নাই। এলাকাবাসী এবং ছাত্র-ছাত্রীদের মন্তব্যে জানা যায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের যে দুইটি প্রশ্নপত্র ফাঁস হয় তাহা উক্ত এলাকা হইতে ফাঁস হইয়াছে। বোর্ড কর্তৃপক্ষ এবং প্রশাসন এই ধারণা নিয়া তাহাদের উপর অমানবিক আচরণ করিয়াছে। সীতাকুন্ড থানার নির্বাহী কর্মকর্তার সহিত রাতে যোগাযোগ করিলে তিনি জানান, উক্ত এলাকার ফলাফল খারাপ হইয়াছে।